




মধ্যপ্রাচ্যে সামরিক অভিযান বন্ধের আহ্বান চীনের



ছবি: সংগৃহীত

যুক্তরাষ্ট্র ও ইরানের সাম্প্রতিক পাল্টাপাল্টি হামলার পর মধ্যপ্রাচ্যে চলমান সামরিক উত্তেজনা অবসানে সব পক্ষকে সংযম প্রদর্শনের আহ্বান জানিয়েছে চীন। একই সঙ্গে দ্রুত যুদ্ধবিরতি ও কূটনৈতিক আলোচনায় ফেরার তাগিদ দিয়েছে বেইজিং।

বৃহস্পতিবার (১১ জুন) এক সংবাদ সম্মেলনে চীনের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র লিন জিয়ান বলেন, সংশ্লিষ্ট দেশগুলোকে অবিলম্বে সামরিক পদক্ষেপ বন্ধ করে সংলাপ ও আলোচনার পথে ফিরে আসতে হবে। পাশাপাশি বিভিন্ন দেশের মধ্যস্থতা উদ্যোগেও ইতিবাচক সাড়া দেওয়ার আহ্বান জানান তিনি।

মধ্যপ্রাচ্যের ক্রমবর্ধমান অস্থিরতা নিয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে লিন জিয়ান বলেন, স্থায়ী শান্তি প্রতিষ্ঠার জন্য দ্রুত একটি ব্যাপক ও দীর্ঘমেয়াদি যুদ্ধবিরতির পরিবেশ তৈরি করা প্রয়োজন।

এদিকে চীনের পররাষ্ট্র মন্ত্রণালয় এক বিবৃতিতে আঞ্চলিক দেশগুলোর সার্বভৌমত্ব, নিরাপত্তা ও ভৌগোলিক অখণ্ডতার প্রতি সম্মান প্রদর্শনের গুরুত্ব তুলে ধরেছে। বেইজিংয়ের মতে, অঞ্চলটির স্থিতিশীলতা রক্ষায় সব পক্ষের দায়িত্বশীল আচরণ অপরিহার্য।